

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং- ৪৬.০৪২.০১৯.০৩.০০.১৩৬.২০১১(১).৩২৫

তারিখ: ২৭ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ
১১ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: সাতক্ষীরা জেলা পরিষদের প্রশাসনিক কর্মকর্তা জনাব এস এম মাহবুবুর রহমানের বদলী আদেশ বাতিলের আবেদনের বিষয়ে তদন্ত করে প্রতিবেদন প্রদান।

- সূত্র: ১) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৪২.০১৯.০৩.০০.১৩৬.২০১১(১).৮৯৮, তারিখ: ৪/৬/২০১৮।
২) সাতক্ষীরা জেলা পরিষদের কর্মচারীবৃন্দের আবেদন।
৩) জনাব এস এম মাহবুবুর রহমান এর ২১/৬/২০১৮ এবং ২৮/৬/২০১৮ তারিখের আবেদন।
৪) সাতক্ষীরা জেলা পরিষদের স্মারক নং-চার-৪০/(অংশ-০১)১৯৯৯-২০০০/৪৩৩, তারিখঃ ৪/৭/২০১৮।

সাতক্ষীরা জেলা পরিষদের চেয়ারম্যান ও সদস্যগণ কর্তৃক উক্ত জেলা পরিষদের প্রশাসনিক কর্মকর্তা জনাব এস, এম, মাহবুবুর রহমানকে সাতক্ষীরা জেলা পরিষদে বহাল রাখার জন্য আবেদন দাখিল; তাকে সাতক্ষীরা জেলা পরিষদে বহাল রাখার পর আবার অন্যত্র বদলীর জন্য জেলা পরিষদের চেয়ারম্যান ও সদস্যদের আবেদন দাখিল এবং চেয়ারম্যান এর সম্মতি প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের অনুমোদন ব্যতীত জনাব মাহবুবুর রহমানকে পূর্ণ গড় বেতনে ১ বছরের অর্জিত ছুটি মঞ্জুরের সার্বিক বিষয়টি তদন্তপূর্বক জরুরী ভিত্তিতে মতামতসহ প্রতিবেদন দেয়ার জন্য ১নং সূত্রে বর্ণিত স্মারকে অনুরোধ জানানো হয়।

২। ইতোমধ্যে সাতক্ষীরা জেলা পরিষদের সাঁটলিপিকারের বিরুদ্ধে মিথ্যা অভিযোগ দিয়ে দুদক কর্তৃক গ্রেফতার করানো এবং অন্যান্য কর্মচারীদের ভয় ভীতি প্রদর্শনের অভিযোগে প্রশাসনিক কর্মকর্তা জনাব এস এম মাহবুবুর রহমান ও তার ছেলে মেহেদী হাসান, নিম্নমান সহকারী কাম কম্পিউটার অপারেটরকে অন্যত্র বদলীর জন্য জেলা পরিষদের কর্মচারীগণ স্থানীয় সরকার বিভাগে আবেদন দাখিল করেছেন। অপরদিকে প্রশাসনিক কর্মকর্তা জনাব মাহবুবুর রহমান এ বিভাগে দাখিলকৃত আবেদনের মাধ্যমে জানান যে, বিধি বহির্ভূত কাজে নথিতে স্বাক্ষর দিতে রাজী না হওয়ায় সদস্যগণ তার উপর ক্ষিপ্ত হয়ে তাকে অন্যত্র বদলীর জন্য স্থানীয় সরকার বিভাগে আবেদন দাখিল করেছেন এবং জেলা পরিষদের কর্মচারীদের ভয় দেখিয়ে আবেদনে তাদের স্বাক্ষর গ্রহণ করেছেন। উক্ত আবেদনসমূহ তদন্তের ব্যবস্থা গ্রহণের জন্য জনাব মাহবুবুর রহমান অনুরোধ জানান এবং এ কারণে তিনি যাতে হয়রানিমূলক বদলীর স্বীকার না হন সে বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানান।

৩। এমতাবস্থায়, সাতক্ষীরা জেলা পরিষদের কর্মচারীদের আবেদন এবং প্রশাসনিক কর্মকর্তা জনাব মাহবুবুর রহমান এর আবেদনসমূহ ইতোপূর্বে প্রেরিত অভিযোগসমূহের সাথে একত্রে তদন্ত করে মতামতসহ প্রতিবেদন দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

J. A. in
২২/০৭/২০১৮
(ড. জুলিয়া মঈন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

পরিচালক

স্থানীয় সরকার, খুলনা।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।